

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৩১, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
সমন্বয় শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৩১ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ/১৬ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

নং ৩৪.০০.০০০০.০৪৩.০৯.১৪৭.১৯-১১৬৭—বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রমসহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড সংসদ বাংলাদেশ টেলিভিশনে সম্প্রচারের লক্ষ্যে অনুষ্ঠান নির্মাণের জন্য নিম্নরূপ কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো:

ক্রঃ নং	কর্মকর্তার পদবি ও কর্মস্থল	
০১	মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।	আহ্বায়ক
০২	উপসচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য
০৩	জনসংযোগ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য
০৪	প্রতিনিধি, সংসদ বাংলাদেশ টেলিভিশন।	সদস্য
০৫	উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, ঢাকা।	সদস্য-সচিব

কমিটি কার্যপরিধি:

- (১) বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের বিএন্ড আইটি অনুবিভাগ, প্রোগ্রাম এন্ড নিউজ অধিশাখার ১২ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী (কপি সংযুক্ত) বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রমসহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড অন্তর্ভুক্ত করে অনুষ্ঠান নির্মাণ করতে হবে;

(২৪৫১৩)

মূল্য : টাকা ৪.০০

- (২) অনুষ্ঠান নির্মাণকালে বাংলাদেশ আওয়ামী লীগ সরকারের নির্বাচনী ইশতেহার, ২০১৮ তে বর্ণিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ক্রীড়া সম্পর্কিত বিভিন্ন কার্যক্রম ও উন্নয়নমূলক পরিকল্পনাসমূহকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে;
- (৩) প্রয়োজনে কমিটি যে কোনো কর্মকর্তাকে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

০২। সংসদ বাংলাদেশ টেলিভিশনে সম্প্রচারের লক্ষ্যে উল্লিখিত অনুষ্ঠান সুষ্ঠুভাবে নির্মাণের কার্যক্রম নিয়মিত তত্ত্বাবধান করার জন্য এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (ক্রীড়া-২) কে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো।

০৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ ফজলে এলাহী  
উপসচিব।